দৈনিক সংবাদ

তারিখ 27 MAY 1987
পৃষ্ঠা 7 কলাম 2

003

# ফিল্ম সেন্সর বোর্ড পুনর্গঠিত

সরকার ১৯৮৭ সালের জন্যে ১৬ সদস্যবিশিষ্ট ফিল্ম সেন্সর বোর্ড পুনর্গঠন করেছেন। পুনর্গঠিত বোর্ডে তথ্য মন্ত্রণালয়ের সচিবকে চেয়ারম্যান এবং ফিল্ম সেন্সর বোর্ডের ভাইস চেয়ারম্যানকে ভাইস চেয়ারম্যান নিযুক্ত করা হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দফতরের একজন করে প্রতিনিধি, দু'জন সংসদ সদস্য, দু'জন শিক্ষাবিদ, দু'জন সাংবাদিক এবং দু'জন চলচ্চিত্র প্রতিনিধি বোর্ডে অন্তর্ভুক্ত রয়েছেন।

পুনর্গঠিত বোর্ডের সদস্যরা হচ্ছেন তথ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১জন প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয়ের ১জন প্রতিনিধি, পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা দপ্তর, সশস্ত্র বাহিনী সুপ্রীম কমাণ্ডের প্রতিনিধি মেজর আলাউদ্দিন খান, মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা, রাষ্ট্রপতির সচিবালয়, মোঃ মোঃ আলহাজ আমানুল্লাহ চৌধুরী, জাতীয় সংসদ সদস্য; মেজর (অবঃ) মনজুর কাদের, জাতীয় সংসদ সদস্য, প্রফেসার এ, কে, এম আবদুল আলীম ইসলামিক ষ্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়, অধ্যাপিকা আসমা আব্বাসী, সহকারী অধ্যাপিকা, পুরানা পল্টন গার্লস কলেজ, ঢাকা, সভাপতি, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন, জনাব আহমেদ হুমায়ুন, সম্পাদক, দৈনিক বাংলা, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন সংস্থা এবং জনাব খলিলুল্লাহ খান, বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতি। খবর তথ্য বিবরণীর।